নেপালের বাণিজ্যমন্ত্রী রুমি গুচান ঠাকালি বলেন, বড় দেশগুলোকে সব সময় পুঁজিবাদী চিন্তা বাদ দিতে হবে। কারণ পুঁজিবাদীরা কখনো বিনিয়োগ করে না। তাদের কাছে মুনাফাই মূল কথা। আঞ্চলিক সহায়তার তেমন গুরুত্ব নেই।

ভারতের মিডিয়া স্ক্যাপের প্রধান সম্পাদক শেখর গুপ্ত বলেন, এসডিজির এজেন্ডা বাস্তবায়নে রাজনৈতিক নেতৃত্ব প্রকৃত নয়। এই অঞ্চলে জনশক্তির ৪০ শতাংশই মুসলিম। তারা শান্তিপূর্ণভাবে ধর্মপালন এবং দেশপ্রেমে বিশ্বাসী। এখানে আইএস নেই। তিনি বলেন, প্রায় সময়ে আমরা ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে তুলনা করি; কিন্তু সবেক্ষেত্র এটি ঠিক হয়। কারণ ইউরোপে গণতন্ত্র ও মানবাধিকার অত্যন্ত সুরক্ষিত। সার্কের উন্নয়নে ভারত-পাকিস্তানের সম্পর্কের উন্নতি হতো। না হলে সার্ক গুরুত্ব হারাত পার।

ড. কামাল হোসেন বলেন, এসডিজির এজেন্ডাগুলোর মধ্যে ১৬ নম্বরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই এজেন্ডাই আমাদের সংবিধানের মূল চেতনা বাস্তবায়নের সুযোগ করে দিয়েছে। ভারত-পাকিস্তানের দ্বিপাক্ষিক সম্পর্ক সার্ককে ক্ষতিগ্রস্ত করেছে। এই দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক গ্রহণযোগ্য পদ্ধতিতে সমাধান করতে হবে।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, একটি বিষয় পরিষ্কার হয়েছে, দক্ষিণ এশিয়ার উন্নয়নে রাজনৈতিক নেতৃত্বের তেমন সদিচ্ছা ছিল না। ফলে বিষয়টি পুনর্বিবেচনা দরকার। উন্নয়ন ও আঞ্চলিক সহায়তার রাজনৈতিক নেতৃত্বের পাশাপাশি মেধাবী নাগরিক এবং সুশীল সমাজকেও অন্তর্ভুক্ত করতে হবে।

উল্লেখ্য, এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় হলো— '২০৩০ সালের দক্ষিণ এশিয়া পুনর্ভাবনা'। এই সম্মেলনে দক্ষিণ এশিয়ার শীর্ষ ১০০ অর্থনীতিবিদ, রাজনীতিবিদ এবং বিশেষজ্ঞরা বক্তব্য রাখবেন। গতকাল সম্মেলনের উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। আজ সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সম্মেলনের সহযোগী আয়োজকরা হলো— ভারতের রিসার্চ অ্যান্ড ইনফরমেশন সিস্টেম ফর ডেভেলপিং কান্ট্রিজ (আরআইএস), পাকিস্তানের সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি ইনস্টিটিউট (এসডিপিআই), ইনস্টিটিউট অব পলিসি স্টাডিজ অব শ্রীলঙ্কা (আইপিএস) এবং দক্ষিণ এশিয়া ওয়াচ অন ট্রেড, ইকোনমিকস অ্যান্ড এনভায়রনমেন্ট (এসএব্লিউটিই)।


বাণিজ্যে পিছিয়ে সার্ক দেশগুলো

মনির হোসেন/শাহ আলম খান

বিনিয়োগ ও বাণিজ্যে দক্ষিণ এশিয়ার দেশগুলোর ব্যাপক সম্ভাবনা রয়েছে। কিন্তু অর্থনৈতিক সম্ভাবনা কাজে লাগাতে পারছে না এ অঞ্চলের দেশগুলোর সংগঠন সাউথ এশিয়ান অ্যাসোসিয়েশন ফর রিজোনাল কো-অপারেশন (সার্ক)। যে কোনো আঞ্চলিক সংগঠনের তুলনায় পিছিয়ে রয়েছে এ সংগঠনের সদস্যভুক্ত দেশগুলো। এ ক্ষেত্রে বড় বাধা সুশাসন। আঞ্চলিক বাণিজ্য এগিয়ে নিতে রাজনৈতিক নেতৃত্বের তেমন সদিচ্ছাও নেই। আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার রিপোর্টে এসব তথ্য উঠে এসেছে।

অর্থনীতিবিদরা বলছেন, সম্ভাবনা কাজে লাগাতে দেশগুলোর মধ্যে আন্তঃযোগাযোগ বাড়তে হবে। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান বলেন, সমন্বিত উদ্যোগের অভাবে অর্থনৈতিকভাবে পিছিয়ে রয়েছে এ দেশগুলো। তিনি বলেন, দেশগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা ও আস্থার অভাব রয়েছে। রাজনৈতিক নেতৃত্বের মাঝে পারস্পরিক বিশ্বাস ও আস্থার অভাব রয়েছে। তিনি বলেন, দেশগুলো সামষ্টিক স্বার্থের চেয়ে দ্বি-পাক্ষিক স্বার্থকে গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, এখনও সব দেশের স্পর্শকাতর পণ্যের তালিকা অনেক বড়। ফলে দক্ষিণ এশিয়ার ক্ষেত্রে ভৌত কানেকটিভিটির (ফিজিক্যাল কানেকটিভিটি) পাশাপাশি মনস্তাত্ত্বিক যোগাযোগও (মেন্টাল কানেকটিভিটি) প্রয়োজন। দেশগুলোর মধ্যে অবাধ পরিবহন যোগাযোগ তৈরি হলে মানুষেরও অবাধ যাতায়াত বাড়বে। এতে সবাই লাভবান হবে।

জানা গেছে, বর্তমানে সার্কভুক্ত ৮ দেশের বার্ষিক রফতানির পরিমাণ ২৮০ বিলিয়ন ডলার। বিপরীতে শুধু চীনের রফতানি ২ হাজার ৩০ বিলিয়ন ডলার। মালয়েশিয়ার রফতানি ২৯৫ বিলিয়ন ডলার। একইভাবে সিঙ্গাপুরের রফতানি আয় ৩৯০ বিলিয়ন ডলার। অর্থাৎ ৮টি দেশের রফতানি আয়ের চেয়ে এশিয়ার এই ৩টি দেশের একক রফতানি অনেক বেশি। অথচ বিশ্বের এক-পঞ্চমাংশ জনশক্তি রয়েছে দক্ষিণ এশিয়ার দেশগুলোতে। ভৌগোলিক সীমানার দিক থেকে এগিয়ে রয়েছে দেশগুলো। রয়েছে প্রচুর প্রাকৃতিক



সম্পদ। কিন্তু এ সবার তেমন কোনো সুফল পাওয়া যাচ্ছে না। বিশ্বব্যাংকের রিপোর্ট অনুসারে পূর্ব এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের আন্তঃবাণিজ্য ৫২ শতাংশ, ল্যাটিন আমেরিকায় ১৭ শতাংশ, অন্যদিকে দক্ষিণ এশিয়ায় মাত্র ৫ শতাংশ। সার্কভুক্ত ৮ দেশ অর্থাৎ বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, মালদ্বীপ, শ্রীলংকা এবং আফগানিস্তানের জনসংখ্যা বিশ্বের মোট জনসংখ্যার এক-পঞ্চমাংশ। ভৌগোলিক সীমানার দিক থেকেও ব্যাপক বিস্তার এই অঞ্চলের। কিন্তু পিছিয়ে রয়েছে অর্থনৈতিক দিক থেকে। বিশ্বব্যাংকের তথ্য অনুসারে বর্তমানে ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধি ৭ দশমিক ৬ শতাংশ, পাকিস্তান সাড়ে ৫ শতাংশ এবং বাংলাদেশ ৬ দশমিক ৫ শতাংশ, মালদ্বীপ ১ দশমিক ৫ শতাংশ এবং নেপাল ৩ দশমিক ৬ শতাংশ, ভুটান ৩ দশমিক ৩ শতাংশ, শ্রীলংকা ৪ দশমিক ৮ শতাংশ এবং আফগানিস্তান ১ দশমিক ৫ শতাংশ। এ ছাড়াও সার্কভুক্ত আট দেশের মোট রফতানি আয় ২৮০ বিলিয়ন ডলার। এরমধ্যে ভারতের ১৮২ বিলিয়ন ডলার, পাকিস্তানের ১৯ বিলিয়ন ডলার, বাংলাদেশের ৩৪ বিলিয়ন ডলার এবং শ্রীলংকার ২৯ বিলিয়ন ডলার। বিপরীতে শুধু মালয়েশিয়ার রফতানি ২৯৫ বিলিয়ন ডলার। একইভাবে সিঙ্গাপুরের রফতানি আয় ৩৯০ বিলিয়ন ডলার। অর্থাৎ ৮টি দেশের রফতানি আয়ের চেয়ে এশিয়ার এই দুটি দেশের একক রফতানি অনেক বেশি।

পাচ্ছে। বিপরীতে শুধু ভারতের কাছে ৫৫৭ কোটি ৬০ লাখ মেট্রিক টন তেল মুজদ আছে। পাকিস্তানের কাছে মজুদ আছে ৩৬০ কোটি মেট্রিক টন। পাশাপাশি গ্যাসের এ অঞ্চলে প্রচুর রিজার্ভ রয়েছে। আফগানিস্তানের কাছে ১২০ বিলিয়ন ঘন মিটার এবং পাকিস্তানের কাছে ৭ হাজার ৯৮৫ ঘন মিটার গ্যাস মজুদ আছে। এ ছাড়াও ভুটান, নেপাল এবং অন্য দেশগুলোতে ৪ লাখ ৩৭ হাজার মেগাওয়াট হাইড্রো পাওয়ার রয়েছে। বর্তমানে এখান থেকে মাত্র ১০ শতাংশ ব্যবহার হচ্ছে। কিন্তু এরপরও জ্বালানির জন্য এ অঞ্চলের দেশগুলোর আমদানির উপর নির্ভরশীল। এ ছাড়া এ অঞ্চল প্রাকৃতিক সম্পদে ভরপুর। অন্যদিকে এ অঞ্চলে ১৫০ কোটি জনশক্তি রয়েছে। ফলে শিল্পায়নের ক্ষেত্রে উন্নত দেশগুলোর তুলনায় শ্রমিকের মজুরি কম। সিপিডির অতিরিক্ত গবেষণা পরিচালক ড. খোন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, এই অঞ্চলের বাণিজ্য ও বিনিয়োগ বাড়তে ভারতকে মূল ভূমিকা পালন করতে হবে। কেননা ভারতের অর্থনীতি বেশ বড়। বাণিজ্য সম্প্রসারণে দক্ষিণ এশিয়ার দেশগুলো একে অন্যের কাছে গুরুমুগ্ধ সুবিধা চায়, কারণ এই অঞ্চলে বিশাল বাজার রয়েছে বিশেষ করে ভারতে।

এ ক্ষেত্রে ভারতসহ বড় দেশগুলোকে আরও উদার হতে হবে। তিনি বলেন, আঞ্চলিক দেশের মধ্যে সব ধরনের যোগাযোগ বাড়তে হবে। এসব যোগাযোগের মধ্যে রয়েছে—সড়ক, রেল, বিমান এবং নৌযোগাযোগ। এ ছাড়াও পর্যটন, স্বাস্থ্য, সাংস্কৃতিক এবং শিক্ষার উন্নয়নে এক দেশ অন্য দেশকে সহায়তা করবে।

রাজনৈতিক নেতৃত্বের ব্যর্থতায় পিছিয়ে দক্ষিণ এশিয়া

যুগান্তর রিপোর্ট

অন্যান্য আঞ্চলিক দেশগুলোর তুলনায় পিছিয়ে রয়েছে দক্ষিণ এশিয়া। এজন্য রাজনৈতিক নেতৃত্বের ব্যর্থতাই দায়ী। অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে আন্তরিকভাবে এক হতে পারেনি এ অঞ্চলের রাজনৈতিক নেতারা। পারস্পরিক অবিশ্বাস ও আত্মহীনতায় আঞ্চলিক বাণিজ্যও বাড়েনি। ভৌগোলিক রাজনীতির প্রভাবেও এক দেশ অন্য দেশ থেকে দূরে রয়েছে। তবে এসব নিয়ে এখন ভাববার সময় এসেছে। শুধু অর্থনৈতিক উন্নয়ন নয়, দক্ষিণ এশিয়ায় গণতন্ত্র এবং সুশাসন জরুরি। প্রয়োজনে এ অঞ্চলে গণতন্ত্রের জন্য অভিন্ন চুক্তি করতে হবে। শনিবার রাজধানীর লা মেরিডিয়ান হোটেল দক্ষিণ এশিয়ার অর্থনৈতিক শীর্ষ সম্মেলনে এসব বিষয় উঠে আসে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সম্মেলনের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও সম্মেলনে প্রথম দিনের তিনটি সেশনে দক্ষিণ এশিয়ার দেশগুলোর সংগঠন সার্কভুক্ত ৮ দেশের প্রতিনিধিরা অংশ নেন। বেশ কয়েকজন বক্তা বলেন, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা

■ পৃষ্ঠা ১৯ : কলাম ১

রাজনৈতিক নেতৃত্বের ব্যর্থতায় পিছিয়ে

(শেষ পৃষ্ঠার পর)

(এসডিজি) বাস্তবায়নে রাজনৈতিক নেতৃত্ব প্রস্তুত নয়।

এশিয়ার অর্থনীতিবিদরা বলেছেন, নভেম্বরে পাকিস্তানে পূর্বনির্ধারিত সার্ক সম্মেলন স্থগিত হওয়ায় ঢাকার এ সম্মেলনটি খুবই গুরুত্বপূর্ণ। তবে সম্মেলনে এ অঞ্চলে সমস্যার জন্য বক্তাদের অভিযোগের তীর ছিল ভারত-পাকিস্তানের দিকে। অধিকাংশ বক্তাই একমত হয়েছেন, ভারত-পাকিস্তানের দ্বিপাক্ষিক সমস্যায় সার্ক ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ সময়ে বক্তারা উভয় দেশকে স্ফাপের পরামর্শ দেন। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এই সম্মেলনের আয়োজন করেছে। এছাড়াও সহযোগিতায় রয়েছে ভারত, পাকিস্তান, নেপাল এবং শ্রীলঙ্কার শীর্ষস্থানীয় আরও ৪টি গবেষণা প্রতিষ্ঠান। আজ সম্মেলন শেষ হবে। রাষ্ট্রপতি বলেন, দক্ষিণ এশিয়ার অর্থনীতিকে গতিশীল করতে আরও কার্যকর পদক্ষেপ জরুরি। তিনি বলেন এ অঞ্চলের দেশগুলোর মধ্যে পারস্পরিক সহযোগিতা, আঞ্চলিক বাণিজ্য বাড়তে হবে। ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত দক্ষিণ এশিয়া গড়তে হলে কর্মসংস্থান তৈরির বিকল্প নেই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে বলে এ সময়ে উল্লেখ করেন তিনি।

আন্তর্জাতিকীয়া পার্লামেন্টারি ইউনিয়নের সভাপতি সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী বলেন, এসডিজির যেসব লক্ষ্যের কথা বলা হয়েছে, তার মধ্যে ১৬তম লক্ষ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখানে সুশাসন প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। আর সুশাসন প্রতিষ্ঠার সরকারের করণীয় বেশি। তিনি বলেন, এসডিজি বাস্তবায়নে ৩টি বিষয় জরুরি। এর মধ্যে অন্যতম হল সংস্কার এবং বিপ্লব। তারমতে, আর এ কর্মসূচি বাস্তবায়ন ছাড়া জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলাসহ অন্যান্য বৈশ্বিক এজেন্ডাগুলো বাস্তবায়ন সম্ভব নয়। তিনি আরও বলেন, দক্ষিণ এশিয়ায় কমপক্ষে ৪০ কোটি যুব জনশক্তি রয়েছে। যে কোনো আঞ্চলিক সংগঠনের চেয়ে যা বেশি। কিন্তু কাক্ষিত অর্থনৈতিক উন্নয়ন হয়নি।

তিনি বলেন, উন্নয়নের জন্য ৫টি পি জরুরি। প্রথম পি হল পিপলস বা জনগণ। দ্বিতীয় হল পিস বা শান্তি, তৃতীয় প্রসপারিটি বা সম্ভাবনা, চতুর্থ প্রভাটকশন বা উৎপাদন এবং পঞ্চম হল পার্টনারশিপ বা অংশীদারিত্ব। কিন্তু দক্ষিণ এশিয়ায় কাক্ষিত মাত্রায় পারস্পরিক অংশীদারিত্ব কখনোই ছিল না। ভবিষ্যতের জন্য রাজনৈতিক নেতৃত্বকে তাদের প্রতিশ্রুতি পূরণ করতে হবে বলে মত দেন তিনি। শ্রীলঙ্কার সরকারের স্পেশাল অ্যাসাইনমেন্টে নিয়োজিত মন্ত্রী ড. সরথ আমুনুগামা বলেন, এ অঞ্চলের জন্য তিনটি বিষয় খুবই গুরুত্বপূর্ণ। আর তা হল অর্থনৈতিক প্রবৃদ্ধি, গণতন্ত্র এবং সুশাসন। এক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা জরুরি। তিনি বলেন, উন্নয়নে ভেতরের শক্তির চেয়ে আঞ্চলিক বহিঃশক্তি বেশি কার্যকর। কোরিয়াতে অনুসরণ করে শ্রীলঙ্কা তাদের অর্থনৈতিক উন্নয়নে এগিয়ে যাচ্ছে। প্রবৃদ্ধি অর্জনের গতি বেশি। এছাড়াও এমডিজেতে শ্রীলঙ্কা অত্যন্ত ভালো করছে বলে জানান তিনি। ভূটানের ন্যাশনাল অ্যাসেমব্লির সদস্য চেদা জামস্তো বলেন, এ অঞ্চলে রাজনৈতিক নেতৃত্বের মধ্যে পারস্পরিক অবিশ্বাস রয়েছে। উন্নয়নের পরিবর্তে পারস্পরিক শক্তি প্রদর্শনের প্রবণতা বেশি। তিনি বলেন, এ অঞ্চলের বড় দেশ ভারত-পাকিস্তানের মধ্যে উত্তেজনা কমাতে না পারলে এ অঞ্চলে এসডিজি বাস্তবায়ন কঠিন। তিনি বলেন, সার্ক তার নিজস্ব

গতিতে চলছে না। এ অঞ্চলের উন্নয়নে সার্ককে নিজস্ব গতি ফিরিয়ে আনতে হবে।

পাকিস্তানের ন্যাশনাল অ্যাসেমব্লির সদস্য রানা মুহাম্মদ আফজাল খান বলেন, ভারত এবং পাকিস্তানে সাম্প্রতিক সময়ে সমস্যা সৃষ্টি হয়েছে, তা দ্বিপাক্ষিক। এজন্য সার্ক সম্মেলন ক্ষতিগ্রস্ত হতে পারে না। তিনি বলেন, দ্বিপাক্ষিক সমস্যা সমাধানে সংলাপই একমাত্র পথ। তিনি আরও বলেন, জনগণকে ভালোবাসলে উভয় দেশকেই

■ অভিযোগের তীর ভারত ও পাকিস্তানের দিকে

■ গণতন্ত্র ও সুশাসন জরুরি

সংলাপের উদ্যোগ নিতে হবে। তার মতে, এসডিজি বাস্তবায়নে পাকিস্তানের আলাদা ফোরাম রয়েছে। তবে তিনি স্বীকার করেন, পাকিস্তানে সন্ত্রাসবাদের কিছু সমস্যা রয়েছে। এক্ষেত্রে রাজনৈতিক নেতৃত্বের ব্যর্থতা বেশি। কিন্তু এরপরও গত ৩ বছরে দেশটির কর আদায় ৬০ শতাংশ বেড়েছে। আঞ্চলিক সম্পর্ক জোরদার হলে সন্ত্রাসবাদের সমস্যা কমে আসবে বলে মনে করেন তিনি।

বিএনপি নেতা আমির খসরু মাহমুদ চৌধুরী বলেন, সার্ক অঞ্চলের সমস্যা নিয়ে কথা বলতে গিয়ে অনেকে ইউরোপের সঙ্গে তুলনা করেন। কিন্তু দুই অঞ্চলের সমস্যার ধরন এক নয়। এখানে মূল সমস্যা গণতন্ত্র। তিনি বলেন— মানবাধিকার, আইনের শাসন এবং সংবাদপত্রের স্বাধীনতা ছাড়া টেকসই উন্নয়ন সম্ভব নয়। তারমতে, দক্ষিণ এশিয়ায় গণতন্ত্রের জন্য কমন চুক্তি জরুরি। তিনি বলেন, দক্ষিণ ভূরাজনৈতিক সমস্যায়ও দক্ষিণ এশিয়ায় ভর করেছে। আফগানিস্তানের অর্থমন্ত্রীর উপদেষ্টা নাজির কাবিরী বলেন, যে কোনো অঞ্চলের উন্নয়নের জন্য আঞ্চলিক সহায়তা জরুরি। পারস্পরিক সহায়তা ছাড়া নিজ দেশও উন্নয়ন হবে না, পাশাপাশি সার্ককেও এগিয়ে নেয়া যাবে না।

নেপালের বাণিজ্যমন্ত্রী রমি গুটান ঠাকালি বলেন, বড় দেশগুলোকে সব সময় পুঁজিবাদী চিন্তা বাদ দিতে হবে। কারণ পুঁজিবাদীরা কখনও বিনামূল্যে বিনিয়োগ করে না। তাদের কাছে মুনাফাই মূল কথা, আঞ্চলিক সহায়তার তেমন গুরুত্ব নেই। ভারতের মিডিয়া স্ফাপের প্রধান সম্পাদক শেখর গুপ্ত বলেন, এসডিজির এজেন্ডা-বাস্তবায়নে রাজনৈতিক নেতৃত্ব প্রস্তুত নয়। এই অঞ্চলে জনশক্তির ৪০ শতাংশই মুসলিম। এরা শান্তিপূর্ণভাবে ধর্মপালন এবং দেশপ্রেমে বিশ্বাসী। এখানে আইএস নেই। তিনি বলেন, প্রায় সময়ই আমরা ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে তুলনা করি। কিন্তু সবক্ষেত্রে এটি ঠিক হয়। কারণ ইউরোপে গণতন্ত্র মানবাধিকার অত্যন্ত সুরক্ষিত। তিনি বলেন, সার্কের উন্নয়নে ভারত পাকিস্তানের সম্পর্কের উন্নতি হতে হবে। না হলে সার্ক গুরুত্ব হারাতে পারে।

ড. কামাল হোসেন বলেন, এসডিজির এজেন্ডাগুলোর মধ্যে ১৬ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ এজেন্ডাই আমাদের সর্বাধিকারের মূল চেতনা বাস্তবায়নের সুযোগ করে দিয়েছে। তিনি ভারত-পাকিস্তানের দ্বিপাক্ষিক সম্পর্ক সার্ককে ক্ষতিগ্রস্ত করেছে। আর এই দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক গ্রহণযোগ্য পদ্ধতিতে সমাধান-করতে হবে। বাংলাদেশের সাবেক তথ্যমন্ত্রী আবুল কালাম আজাদ বলেন, সামাজিক এবং অর্থনৈতিক উন্নয়নে রাজনৈতিক নেতৃত্ব এক হতে না পারলে আঞ্চলিক উন্নয়ন সম্ভব নয়। ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, একটি বিষয় পরিষ্কার হয়েছে, দক্ষিণ এশিয়ার উন্নয়নে রাজনৈতিক নেতৃত্বের তেমন সদিচ্ছা ছিল না। ফলে বিষয়টি পুনর্বিবেচনা দরকার। উন্নয়ন ও আঞ্চলিক সহায়তায় রাজনৈতিক নেতৃত্বের পাশাপাশি মেধাবী নাগরিক এবং সুশীল সমাজকেও অন্তর্ভুক্ত করতে হবে।

দ. এশিয়ার অর্থনৈতিক সম্মেলনে ড. রেহমান সোবহান স্থিতিশীল গণতন্ত্র না থাকলে উন্নয়ন টেকসই হয় না

যুগান্তর রিপোর্ট

অর্থনীতিবিদ ও বেসরকারি গবেষণা সংস্থা সিপিডির চেয়ারম্যান ড. রেহমান সোবহান বলেছেন, উন্নয়নের জন্য গণতন্ত্রের ধারাবাহিকতা থাকা দরকার। কারণ স্থিতিশীল গণতন্ত্র না থাকলে কোনো দেশের উন্নয়ন টেকসই হয় না। কিন্তু দক্ষিণ এশিয়ার দেশগুলোতে এ স্থিতিশীল গণতন্ত্রের বড় অভাব রয়েছে। রোববার রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে দক্ষিণ এশিয়ার অর্থনৈতিক শীর্ষ সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এ সময়ে দক্ষিণ এশিয়ার দেশগুলোর ব্যবসায়ীরা বলেন, বিশ্বে সার্কভুক্ত ৮ দেশের মোট বাণিজ্য ৮৮০ বিলিয়ন ডলার। কিন্তু নিজেদের মধ্যে বাণিজ্য মাত্র ৪৯ বিলিয়ন ডলার। নিজেদের মধ্যে বাণিজ্য বাড়তে বড় বাধা সীমান্ত বিরোধ এবং সন্ত্রাস। এই বাধা দূর করে দক্ষিণ এশিয়ায় জাতিসংঘ ঘোষিত সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) বা টেকসই উন্নয়ন লক্ষ্য বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে বেসরকারি খাতের

■ পৃষ্ঠা ১৯ : কলাম ১

স্থিতিশীল গণতন্ত্র না থাকলে উন্নয়ন টেকসই হয় না

(শেষ পৃষ্ঠার পর)

বিশেষ ভূমিকা রয়েছে। বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে তাদের চালকের আসনে বসতে হবে। বিশেষ করে এ অঞ্চলে আন্তঃবিনিয়োগ বাড়ানোর বিকল্প নেই।

সার্ক অঞ্চলের বেসরকারি খাতের উদ্যোক্তারা বলেন, বিনিয়োগ বাড়তে এক্ষেত্রে এক দেশ অন্য দেশের ভৌগোলিক সীমা, ভূমি, সমুদ্র এবং নদী পথের পুনর্ব্যবহারের সুযোগ দিতে হবে। একইসঙ্গে জরুরি প্রয়োজনে অবকাঠামো সুবিধা, পণ্যের আন্তর্জাতিক মানদণ্ড, জ্বালানি, ট্রানজিট, ট্রান্সশিপমেন্ট এবং লজিস্টিক চুক্তির ওপর জোর দেন তারা। তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে পরস্পর সহায়তা জরুরি বলে মত তাদের। বস্তারা বলেন, অর্থনৈতিক একত্রীকরণের লক্ষ্যে সামাজিক এবং সাংস্কৃতিক ক্ষেত্রে এক দেশ অন্য দেশকে সহায়তা করবে। দেশগুলোকে রাজনৈতিকভাবে নিতে হবে সাহসী পদক্ষেপ।

ড. রেহমান সোবহান বলেন, এ অঞ্চলের জনগণের উন্নয়নে যে বিনিয়োগ করা দরকার সেটি হচ্ছে না। কারণ এ অঞ্চলে অর্থের যে প্রবাহ রয়েছে— তা ক্রমাগত ক্ষমতাবানদের হাতে চলে যাচ্ছে। সুশাসনের অভাবে ধনী-গরিবের বৈষম্য দীর্ঘ হচ্ছে। সামাজিক বিনিয়োগ কম হওয়ায় দারিদ্র্যও কমছে না। গণগত শিক্ষা মিলছে না। স্বাস্থ্যসেবা অপ্রতুল হয়ে পড়েছে। প্রযুক্তিগত দক্ষতার উন্নয়ন ঘটানো যাচ্ছে না। এতে শ্রমিকের উৎপাদন ক্ষমতা বাড়ছে না। সর্বোপরি মানব উন্নয়নে পিছিয়ে পড়ছি আমরা।

ভারতের ইন্টারন্যাশনাল ট্রেড পলিসি কনফেডারেশনের প্রধান প্রণব কুমার বলেন, দক্ষিণ এশিয়ার দেশগুলোর অবকাঠামো খাতে বিনিয়োগ করা উচিত। বিশ্বব্যাংকের মতো বহুজাতিক সংস্থাগুলো সাধারণ অবকাঠামো খাতে বিনিয়োগ করে থাকে। তাদের বিনিয়োগ না পেলে দেশীয় উৎস থেকে এমনকি বেসরকারি খাত থেকেও বিনিয়োগ করা যেতে পারে।

ভারতের শীর্ষস্থানীয় সংগঠন রিসার্চ অ্যান্ড ইনফরমেশন সিস্টেম ফর ডেভেলপিং কান্ট্রি প্রফেসর প্রবির দে বলেন, এ অঞ্চলের দেশগুলোর মধ্যে ক্রস বর্ডার কানেকটিভিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে আঞ্চলিক বিনিয়োগ বাড়তে হবে। এছাড়াও ২০২৫ সালের মধ্যে আসিয়ান অর্থনৈতিক করিডোর গঠন করতে হবে। তিনি বলেন, সুনির্দিষ্টভাবে তিনটি বিষয় জরুরি। এগুলো বেসরকারি খাতের কানেকটিভিটি বাড়ানো, মোটর ভেহিকল চুক্তি এবং ক্রস বর্ডার ট্রেডিং। তিনি বলেন, রাজনৈতিক কারণেই সরকার সব সময় জাতীয় ইস্যুকে গুরুত্ব দেয়। এটি একেবারে অযৌক্তিক নয়। তবে সরকারকে ব্যবসায়ীদের বোঝাতে হবে আঞ্চলিক ইস্যুর মাধ্যমেও জাতীয় স্বার্থ সংরক্ষণ হয়।

আফগানিস্তানের পিআরএসওর সদস্য আহমাদ শাহ মোবারিজ বলেন, ২০১৫ সালে সার্কভুক্ত ৮ দেশের বিশ্বে মোট বাণিজ্যের পরিমাণ ছিল ৮৮০ বিলিয়ন ডলার। কিন্তু আঞ্চলিক বাণিজ্য ছিল মাত্র ৪৯ বিলিয়ন ডলার। অর্থাৎ মোট বাণিজ্যের মাত্র ৫ দশমিক ৫৮ শতাংশ আঞ্চলিক বাণিজ্য।

সম্মেলনে বক্তারা বলেন, দক্ষিণ এশিয়ার ক্ষেত্রে ভৌত কানেকটিভিটির (ফিজিক্যাল কানেকটিভিটি) পাশাপাশি মনস্তাত্ত্বিক যোগাযোগও (মেন্টাল কানেকটিভিটি) প্রয়োজন। বিশেষ করে নৌযোগাযোগ বৃদ্ধি এবং দেশগুলোর মধ্যে অবাধ পরিবহন যোগাযোগ তৈরি হলে মানুষেরও অবাধ যাতায়াত বাড়বে। এতে সবাই লাভবান হবে। এসব বিষয়ে নিজ নিজ দেশের সরকারকে বোঝানোর জন্য বেসরকারি খাতের ভূমিকা জরুরি।

সম্মেলন থেকে আরও সুপারিশ করা হয়— পর্যটন, স্বাস্থ্য, সংস্কৃতি এবং শিক্ষার উন্নয়নে এক দেশকে অন্য দেশের সহায়তা প্রয়োজন। সুপারিশ আরও বলা হয়, এ অঞ্চলে বিনিয়োগের ব্যাপক সম্ভাবনা রয়েছে। এ সম্ভাবনা কাজে লাগিয়ে একটি সমন্বিত অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার লক্ষ্যে অংশীদারিত্বের (পার্টনারশিপ) ভিত্তিতে বিনিয়োগ করা যেতে পারে। এছাড়াও দক্ষিণ এশীয় মুক্ত বাণিজ্য অঞ্চল (সাক্ফটা) চুক্তি বাস্তবায়নে কার্যকর উদ্যোগ নিতে হবে। এ অঞ্চলের পানি, জ্বালানি, জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের চ্যালেঞ্জ মোকাবেলায় কার্যকর পদক্ষেপ নেয়া জরুরি। এছাড়াও সার্ক ফুড ব্যাংক কার্যকর এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা ইন্সটিটিউট গঠনের প্রস্তাব করা হয়।

দক্ষিণ এশিয়ার সামাজিক ও সাংস্কৃতিক বন্ধনে বিভিন্ন দেশের সরকার পর্যটন, গণমাধ্যমে এবং সাংস্কৃতিক বিনিময়ে কার্যকর উদ্যোগ নিতে পারে। এছাড়াও নারীর ক্ষমতায়ন নিশ্চিতের লক্ষ্যে নারী উদ্যোক্তাদের উৎসাহিত করা এবং টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে তরুণ ব্যবসায়ীদের উৎসাহিত করার সুপারিশ করা হয়। সম্মেলনে আরও যেসব সুপারিশ করা হয়েছে, এর মধ্যে রয়েছে কাস্টমস পদ্ধতির সমন্বয় এবং

স্ট্যান্ডার্ড সার্টিফিকেটের মিউচুয়াল স্বীকৃতি। ব্যবসায়ীরা জ্বালানি খাতের উন্নয়নে সার্কের অভিন্ন জ্বালানীনিতির জোর সুপারিশ করেন।

অনুষ্ঠানে জানানো হয়, ২০১৫ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে সব সদস্য রাষ্ট্রের সম্মতিতে এসডিজির কর্মসূচি গৃহীত হয়। কর্মসূচির আওতায় ২০৩০ সালের মধ্যে ১৭টি লক্ষ্য বাস্তবায়নের সিদ্ধান্ত নেয়া হয়। কর্মসূচির মূল কথা হল, বিশ্বের সব মানুষের কাক্ষিত উন্নত জীবন নিশ্চিত করা।

অনুষ্ঠানে আরও জানানো হয়, এসডিজির কর্মসূচিতে ২০৩০ সাল পর্যন্ত বিশ্বে প্রতিবছর ৫ থেকে ৭ ট্রিলিয়ন ডলার অতিরিক্ত বিনিয়োগের প্রয়োজন। এর মধ্যে প্রতিবছর ২ দশমিক ৫ ট্রিলিয়ন ডলার ঘাটতি থেকে যাবে। এই ঘাটতি কোথা থেকে আসবে তার কোনো দিকনির্দেশনা পরিকল্পনায় দেয়া হয়নি। বলা হচ্ছে অভ্যন্তরীণ উৎস থেকে অর্থায়নের বেশির ভাগ আসবে।

এই এসডিজি বাস্তবায়নকেই সামনে রেখে দক্ষিণ এশিয়ার দেশগুলোর পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা বাড়ানোর লক্ষ্যে দুর্দশব্যাগী এ সম্মেলন ছিল। তাই এবারের সম্মেলনের প্রতিপাদ্য বিষয়, ২০৩০ সাল পর্যন্ত দক্ষিণ এশিয়ার অর্থনীতি নিয়ে পুনর্বিবেচনা। বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এই সম্মেলনের আয়োজন করেছে। এছাড়াও সহযোগিতায় রয়েছে ভারত, পাকিস্তান, নেপাল এবং শ্রীলংকার শীর্ষস্থানীয় আরও ৪টি গবেষণা প্রতিষ্ঠান। দুই দিনের সম্মেলনে অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে এ অঞ্চলে আরও যেসব বাধা উঠে আসে তা হল— সমন্বিত উদ্যোগের অভাবে দক্ষিণ এশিয়ার দেশগুলো অর্থনৈতিকভাবে পিছিয়ে রয়েছে। এক্ষেত্রে রাজনৈতিক সিদ্ধান্তের অর্থ বা অন্যতম বড় ঝুঁকি। রাজনৈতিক নেতৃত্বের মাঝে পারস্পরিক বিশ্বাস ও আস্থার অভাব রয়েছে। জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তাসহ বিদ্যমান নানান ঝুঁকি মোকাবেলায় দক্ষিণ এশিয়ার রাজনৈতিক নেতৃত্বের অভিন্ন লক্ষ্য ও কার্যকরের কোনো উদ্যোগ নেই। এক্ষেত্রে দেশগুলো সামষ্টিক স্বার্থের চেয়ে দ্বি-পাক্ষিক স্বার্থকে গুরুত্ব দিচ্ছে। বক্তারা বলেন, দেশগুলোতে নানা ধরনের অস্থিরতা রয়েছে। সার্কের মধ্যকার সম্পর্ক উন্নয়নে রাজনীতিবিদরা সাধারণত জনগণের ইচ্ছাকে সম্মান জানায় না।

টেকসই উন্নয়নে দক্ষিণ এশিয়ার নেতারা প্রস্তুত নন

নিজস্ব প্রতিবেদক ●

টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সমন্বিত কোনো উদ্যোগ নেই। রাজনৈতিক কোনো আকাঙ্ক্ষাও নেই। সামগ্রিকভাবে টেকসই উন্নয়নে এ অঞ্চলের রাজনৈতিক নেতারা প্রস্তুত নন। শক্তিশালী দেশগুলোর মধ্যে দ্বন্দ্ব ও অবিশ্বাসের কারণে সার্ক কাঠামো দুর্বল হয়েছে। তাই সার্কভুক্ত দেশগুলো বিভিন্ন ধরনের উপ-আঞ্চলিক সহযোগিতা-ব্যবস্থায় ঝুঁকছে। আবার দক্ষিণ এশিয়ার অনেক দেশে গণতন্ত্রের চর্চার অভাব রয়েছে।

গতকাল শনিবার শুরু হওয়া নবম দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনের প্রথম অধিবেশনে আলোচকেরা

এরপর পৃষ্ঠা ২ কলাম ৬

পৃষ্ঠা-১০ ■ সম্পাদকীয় : বিমসটেক সার্কের বিকল্প নয়

পৃষ্ঠা-১৩ ■ টেকসই উন্নয়নের স্বার্থে দরকার গুণগত কর্মসংস্থান

দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনে বক্তারা

- শক্তিশালী দেশগুলোর মধ্যে দ্বন্দ্ব ও অবিশ্বাসের কারণে সার্ক কাঠামো দুর্বল হয়েছে
- সার্কভুক্ত দেশগুলো বিভিন্ন ধরনের উপ-আঞ্চলিক সহযোগিতা-ব্যবস্থায় ঝুঁকছে
- দক্ষিণ এশিয়ার অনেক দেশে গণতন্ত্রের চর্চার অভাবও রয়েছে



সেন্টার ফর পলিসি ডায়ালগ আয়োজিত নবম দক্ষিণ এশীয় অর্থনৈতিক সম্মেলনে (বাঁ থেকে) আফগানিস্তানের অর্থমন্ত্রীর উপদেষ্টা নাজির কবিরি, পাকিস্তান জাতীয় পরিষদের সদস্য রানা মোহাম্মদ আফজাল খান, আওয়ামী লীগের সাংসদ সাবের হোসেন চৌধুরী, সিপিডি'র বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য, শ্রীলঙ্কার মন্ত্রী শরত আমুনোগামা ও বিএনপি'র নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী। গতকাল হোটেল লা মেরিডিয়ান থেকে তোলা ছবি ● প্রথম আলো

দক্ষিণ এশিয়ার নেতারা প্রস্তুত নন

প্রথম পৃষ্ঠার পর

এসব কথা বলেন। তাঁরা মনে করেন, এ অবস্থায় সার্কভুক্ত দেশগুলোর মধ্যে সহযোগিতার কৌশলে নতুন বা পুনর্ভাবনা আনতে হবে। গণতান্ত্রিক ব্যবস্থা সমুন্নত করার মধ্য দিয়ে জনগণের অধিকার প্রতিষ্ঠার পথ আরও সুগম করতে হবে। উন্নয়ন টেকসই করতে সুশাসন প্রতিষ্ঠার ওপর জোর দিয়ে আলোচকেরা আঞ্চলিক সহযোগিতার প্রক্রিয়ায় সরকারি উদ্যোগের পাশাপাশি বেসরকারি পর্যায়ে, বিশেষ করে সুশীল সমাজের অংশগ্রহণ নিশ্চিত করার সুপারিশ করেন।

বাংলাদেশের বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) দুদিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করেছে। দুপুরে এ সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হলেও সকালেই কর্ম অধিবেশন শুরু হয়। রাজধানীর লা মেরিডিয়ান হোটеле এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। এ সম্মেলনের উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

প্রথম অধিবেশনের বিষয়বস্তু ছিল, ২০৩০ এজেন্ডা বাস্তবায়নে দক্ষিণ এশিয়ার রাজনৈতিক নেতৃত্ব কি প্রস্তুত? এ বিষয়ে আলোচনায় রাজনৈতিক নেতাদের ভূমিকার পাশাপাশি সার্কের দুর্বল কাঠামোর কথাও উঠে আসে। কেউ বলেছেন, এ অঞ্চলের দেশগুলো শুধু সত্ত্রাসে সহযোগিতা করেছে। টেকসই উন্নয়ন, গণতন্ত্র ও সুশাসন—এ তিনটি বিষয়ে সহযোগিতার ক্ষেত্র হতে পারে। আবার অনেকে বলেছেন, দক্ষিণ এশিয়ার দেশগুলোর সমন্বিতভাবে এসডিজি অর্জনে কোনো রাজনৈতিক আকাঙ্ক্ষা নেই। প্রথম অধিবেশনে সঞ্চালকের দায়িত্ব পালন করেন সিপিডি'র বিশেষ ফেলো দেবপ্রিয় ভট্টাচার্য। এতে সার্কভুক্ত দেশের মন্ত্রী, সাংসদ, নীতিনির্ধারক এবং সুশীল সমাজের প্রতিনিধিরা বক্তব্য দেন।

অনুষ্ঠানের সম্মানিত অতিথি ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের সভাপতি ও সাংসদ সাবের হোসেন চৌধুরী বলেন, এসডিজি অর্জনে রাজনৈতিক নেতাদের সহযোগিতা দরকার। কিন্তু দক্ষিণ এশিয়ার নেতারা প্রস্তুত—এ নিয়ে প্রশ্ন আছে। তিনি মনে করেন, টেকসই উন্নয়নে দক্ষিণ এশিয়ায় প্রধান চ্যালেঞ্জ হলো দ্বন্দ্ব-সংঘাত এবং রাজনৈতিক অসহযোগিতা। সমস্যার মূলে গিয়ে সমাধান খুঁজতে হবে।

সাবের হোসেন চৌধুরীর মতে, এ অঞ্চলের দেশগুলো এসডিজি অর্জন করতে পারবে না, যদি পরিবেশের ওপর

বলতে হবে।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনের অভিজ্ঞতার আলোকে এসডিজির সাফল্য তিনটি বিষয়ের আঞ্চলিক সহযোগিতার ওপর নির্ভরশীল বলে মনে করেন শ্রীলঙ্কার বিশেষ দায়িত্বপ্রাপ্ত (স্পেশাল অ্যাসাইনমেন্ট) মন্ত্রী শরথ আমুনোগামা। এগুলো হলো টেকসই অর্থনৈতিক উন্নয়ন, গণতন্ত্র ও সুশাসন। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে এ তিনটি বিষয়েই সহযোগিতা কম। দ্বিপক্ষীয় সম্পর্কের চেয়ে আঞ্চলিক সম্পর্কের ওপর বেশি জোর দেওয়া উচিত। তাঁর মতে, সবাই শুধু নিজের দেশের উন্নতির কথা বলেন। এ আলোচনা সীমাস্ত পেরিয়ে অন্য দেশের মানুষের সঙ্গে হওয়া উচিত। বিনিয়োগ, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও বাজার—এ তিনটি বিষয়ে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র হওয়া উচিত। এ অঞ্চলের মানুষ দেখতে চায় সার্ক কার্যকর হয়েছে। এ জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধি, গণতন্ত্র ও সুশাসন—এ তিন ক্ষেত্রে নজর দেওয়া উচিত।

সার্কের ব্যর্থতায় হতাশা প্রকাশ করে ভারতের সাংবাদিক, মিডিয়াস্ক্যাপ (প্রা.) লিমিটেডের প্রধান সম্পাদক শেখর গুপ্ত বলেন, 'দক্ষিণ এশিয়ার দেশগুলো এখন অন্য অঞ্চলের দেশগুলোর সঙ্গে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে বেশি আগ্রহী। মধ্য এশিয়ার দিকে আফগানিস্তান, পূর্ব এশিয়ার দিকে ভারত এবং চীনের সঙ্গে পাকিস্তান বাণিজ্য সম্পর্ক বৃদ্ধির উদ্যোগ নিয়েছে। এখন বিধাতাই জানেন সার্কের জন্য তিনি কী রেখেছেন।'

দক্ষিণ এশিয়ার প্রেক্ষাপট বিশ্লেষণ করে শেখর গুপ্ত বলেন, এখানকার ৯০ শতাংশ জনগোষ্ঠী ভারত, বাংলাদেশ ও পাকিস্তানে বাস করে। তারাই এ অঞ্চলের বিগ ব্রাদার বা বড় ভাই। এই বড় ভাইদের জন্য অপেক্ষাকৃত কম ঝামেলাপূর্ণ দেশগুলো ভোগে। তারপরও উপ-আঞ্চলিক সহযোগিতার চেয়ে সার্ক অপেক্ষাকৃত উত্তম সহযোগিতার ক্ষেত্র।

সম্প্রতি পাকিস্তানে অনুষ্ঠিতব্য সার্ক শীর্ষ সম্মেলন স্থগিত করা হয়েছে। এ প্রসঙ্গে পাকিস্তানের জাতীয় পরিষদের সদস্য রানা মোহাম্মদ আফজাল খান বলেন, রাজনৈতিক কারণে সম্মেলনটি স্থগিত হওয়ায় এ অঞ্চলের মানুষ হতাশ। কিন্তু সম্মেলন বন্ধ হয়ে যায়নি। তবে পাকিস্তানের উন্নতি প্রসঙ্গে রানা মোহাম্মদ আফজাল খান বলেন, সত্ত্রাস মোকাবিলায় '২০১৩ সাল থেকে পাকিস্তানে শত শত কোটি ডলার খরচ হচ্ছে। গত তিন বছরে রাজস্ব আদায়ে

টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে চ্যালেঞ্জ মোকাবিলায় দক্ষিণ এশিয়ার দেশগুলো একাবদ্ধ হতে এখনো প্রস্তুত নয়—এ মন্তব্য করেছেন ভূটানের জাতীয় পরিষদের সদস্য চৈইদা জেমসু। তিনি বলেন, এটি দুর্ভাগ্যজনক। তাঁর মতে, রাজনৈতিক দ্বন্দ্ব ও অবিশ্বাসের কারণে সার্ক কার্যকর হচ্ছে না।

অধিবেশনের সঞ্চালক দেবপ্রিয় ভট্টাচার্য আলোচনায় উঠে আসা ইস্যুগুলো তুলে ধরে বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে রাজনৈতিক আকাঙ্ক্ষা নেই। সার্ক কাঠামো দুর্বল হওয়ার অন্যতম উদাহরণ হলো ইসলামাবাদ সম্মেলন স্থগিত হওয়া। এ ছাড়া সার্কভুক্ত দেশগুলো অন্য অঞ্চলের সঙ্গে সম্পর্কের দিকে ঝুঁক পড়ছে। এখন আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে পুনর্ভাবনা বা রিকনসেপচুয়লাইজেশন করা দরকার। সব দেশের সামনে একটি অভিন্ন লক্ষ্য থাকতে হবে, তা না হলে টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনে ব্যর্থ হবে।

মুক্ত আলোচনা: আলোচকদের নির্ধারিত বক্তব্যের পর শুরু হয় মুক্ত আলোচনা। এ আলোচনায় দেশ-বিদেশি বিশিষ্ট ব্যক্তিত্বরা অংশ নেন। বিশিষ্ট আইনজ্ঞ ও সংবিধান বিশেষজ্ঞ ড. কামাল হোসেন এ সময় বলেন, গত প্রায় ৭৫ বছর ধরে এ অঞ্চলের দেশগুলোর কোনো ভিশন বা লক্ষ্য ছিল না। ভবিষ্যৎমুখী পরিকল্পনায় এখন দারিদ্র্য বিমোচন ও বৈষম্য হ্রাস করাকেই বেশি গুরুত্ব দেওয়া উচিত। তাঁর মতে, এ অঞ্চলের প্রায় সব দেশেরই উপনিবেশবাদের অভিজ্ঞতা আছে। তাই প্রতিটি দেশের লক্ষ্যও এক হওয়া উচিত। টেকসই উন্নয়নের জন্য সব দেশের সহযোগিতা প্রয়োজন।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে সরকারি পর্যায়ে বাইরে বেসরকারি পর্যায়ে সহযোগিতার আত্মন জানান দ্য ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম। তাঁর ভাষায় এটি হলো 'ট্রাক-২ আলোচনা'। তিনি বলেন, জনগণের ভালোমন্দ নিয়ে বেসরকারি খাতের আলোচনা হওয়া উচিত। তাঁর মতে, ভারত ও নেপাল সম্পর্কে 'পেরি-পেরি' কাশ্মীর নিয়ে পাকিস্তান-ভারত আলোচনা এবং স্বাধীনতা ইস্যু নিয়ে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে যে সম্পর্কের টানাপোড়েন, তা নিয়ে আলোচনা দরকার।

আলোচনায় আরও অংশ নেন সাংসদ আবুল কালাম আজাদ, নেপাল টেলিভিশনের বার্তা সম্পাদক শ্রেষ্ঠা, কলম্বো বিশ্ববিদ্যালয়ের

গুরুত্ব না দেয়। সুশাসন প্রতিষ্ঠায় বাড়তি নজর দিতে হবে। তিনি আরও বলেন, দ্রুত প্রবৃদ্ধির অঞ্চল দক্ষিণ এশিয়া বিশ্বের অর্থনৈতিক শক্তির প্রাণকেন্দ্র হতে পারে। দক্ষিণ এশিয়ায় প্রায় ৪০ কোটি তরুণ-তরুণী আছেন, যাদের কাজে লাগানোর জন্য এ অঞ্চলের দেশগুলো পারস্পরিক সহযোগিতার হাত প্রসারিত করতে পারে।

সাবেক বাণিজ্যমন্ত্রী ও বিএনপি নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, ভূরাজনৈতিক ব্যবস্থা যেন এ অঞ্চলের জনগণকে বঞ্চিত না করে। নিজের দেশেই মানুষের মানবাধিকার নেই। সার্কের অকার্যকারিতার উদাহরণ টেনে তিনি বলেন, সার্কের মতো ফোরামে দ্বিপক্ষীয় রাজনৈতিক ইস্যু নিয়ে আলোচনা হয় না। কোনো বৈঠকে আইনের শাসন, গণতান্ত্রিক অধিকার, গণমাধ্যমের স্বাধীনতা—এসব নিয়ে আলোচনা হয় না। এটি একটি বড় চ্যালেঞ্জ। দক্ষিণ এশিয়ার দেশগুলোর পরস্পরকে সম্পৃক্ত করতে হলে গণতান্ত্রিক অধিকার নিয়ে কথা

প্রবৃদ্ধি প্রায় ৬৩ শতাংশ। বর্তমান আইনসভায় ৩০ শতাংশ নারী সদস্য। নিজের পরিবর্তন না হলে পাশের দেশের পরিবর্তন হবে না।

আফগানিস্তানের অর্থমন্ত্রীর উপদেষ্টা নাজির কবির বলেন, এ অঞ্চলের দেশগুলোর মধ্যে শুধু 'সত্ত্রাস'-এর সহযোগিতা হয়েছে। সত্ত্রাসের কারণে এ দেশগুলোর মধ্যে সত্যিকার সহযোগিতার ক্ষেত্র উন্মোচন হচ্ছে না। সহযোগিতা ছাড়া আর কোনো বিকল্প নেই। তিনি মনে করেন, দক্ষিণ এশিয়ার ভূরাজনৈতিক সম্পদ হলো আফগানিস্তান। এই আফগানিস্তানই দক্ষিণ এশিয়া ও মধ্য এশিয়ার মধ্যে সংযোগ স্থাপন করছে।

নেপাল অর্থনীতি সমিতির সভাপতি বিশ্বজ্ঞর পায়াকুরিয়েল মনে করেন, অবিশ্বাসের কারণে আঞ্চলিক সহযোগিতা বাড়ছে না। সার্ক সম্মেলনে অনেক প্রতিশ্রুতি দেওয়া হয়। কিন্তু বাস্তবে তা কার্যকর হয় না। তাঁর মতে, ব্যবসা সম্প্রসারণই আঞ্চলিক সহযোগিতার মূল বিষয় হতে হবে।

বিভাগের শিক্ষক ইব্রাজিৎ আপনসো, ইউনিক্সপের দক্ষিণ ও দক্ষিণ পশ্চিম এশিয়া কার্যালয়ের প্রধান নাগেশ কুমার প্রমুখ।

দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলন মূলত বেসরকারি পর্যায়ে একটি উদ্যোগ। তবে আয়োজকেরা জানান, দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের মন্ত্রী-সাংসদেরা বিভিন্ন অধিবেশনে অংশ নিচ্ছেন। সিপিডি এবারের সম্মেলনের মূল আয়োজক। সম্মেলনের সহ-আয়োজক হলো ভারতের রিসার্চ অ্যান্ড ইনফরমেশন সিস্টেম ফর ডেভেলপিং কান্ট্রিজ (আরআইএস), পাকিস্তানের সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি ইনস্টিটিউট (এসডিপিআই), শ্রীলঙ্কার ইনস্টিটিউট অব পলিসি স্টাডিজ অব শ্রীলঙ্কা (আইপিএস) এবং দক্ষিণ এশিয়া ওয়াচ অন ট্রেড, ইকোনমিকস অ্যান্ড এনভায়রনমেন্ট (এসএডরিউটিই)।

আজ রোববার দ্বিতীয় দিনে নয়টি সমান্তরাল অধিবেশনের পর আরও দুটি কর্ম অধিবেশন হবে। পরে সমাপনী অনুষ্ঠান হবে।



রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে গতকাল সিপিডি আয়োজিত ৯ম দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনে আঞ্চলিক যোগাযোগ-বিষয়ক বইয়ের মোড়ক উন্মোচন করেন অতিথিরা ● প্রথম আলো

টেকসই উন্নয়নের স্বার্থে দরকার গুণগত কর্মসংস্থান

নিজস্ব প্রতিবেদক ●

দক্ষিণ এশিয়ার টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য গুণগত মানের কর্মসংস্থানের প্রতি অধিক মনোযোগী হওয়ার পরামর্শ দিয়েছেন এই অঞ্চলের গবেষক ও অর্থনীতিবিদেরা। তাঁরা বলছেন, গত তিন দশকে এই অঞ্চলের দেশগুলোর দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি হলেও গুণগত এবং প্রয়োজনীয় কর্মসংস্থান নিশ্চিত হয়নি। ফলে অর্থনৈতিক প্রবৃদ্ধির যথাযথ সুফল মেলেনি। এ কারণে টেকসই উন্নয়নের স্বার্থে কর্মসংস্থানের প্রতি জোর দিয়েছেন গবেষক ও অর্থনীতিবিদেরা।

রাজধানীর পাঁচ তারকা হোটেল লা মেরিডিয়ানে গতকাল শনিবার থেকে আয়োজিত দুদিনব্যাপী নবম দক্ষিণ এশীয় অর্থনৈতিক সামিটের এক কর্ম-অধিবেশনে এসব পরামর্শ উঠে আসে। এদিন বিকেলে '২০৩০ সালের মধ্যে দক্ষিণ এশিয়ার টেকসই অর্থনৈতিক পরিবর্তন: সম্ভাব্য পথ' শীর্ষক কর্ম-অধিবেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন দক্ষিণ এশিয়া সেন্টার ফর পলিসি স্টাডিজ ভারতের চেয়ারম্যান ও ইমেরিটাস অধ্যাপক দীপক নায়ার।

অধিবেশনে সম্মানিত অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। শ্রীলঙ্কার ইনস্টিটিউট অব পলিসি স্টাডিজের নির্বাহী পরিচালক সামান কেলগামা। কর্ম-অধিবেশনে প্যানেল আলোচক ছিলেন সাবেক পররাষ্ট্রসচিব সমশের মুবিন চৌধুরী, পাকিস্তানের পাঞ্জাবের অ্যাসেম্বলি সদস্য নাজমা আফজাল খান, ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের নির্বাহী পরিচালক সুলতান হাফিজ রহমান, নেপালের জাতীয় পরিকল্পনা কমিশনের সদস্য স্বরনিম ওয়াগালে এবং শ্রীলঙ্কার ইনস্টিটিউট অব পলিসি স্টাডিজের উপপরিচালক দুশনি ওয়ারাকেন।

কর্ম-অধিবেশনের বেশির ভাগ আলোচক টেকসই উন্নয়নের স্বার্থে শক্তিশালী প্রতিষ্ঠান গড়ে তোলার ওপরও গুরুত্বারোপ করেন। এ সময় তাঁরা বলেন, প্রতিষ্ঠান শক্তিশালী হলে অর্থনীতির যেকোনো আঘাত মোকাবিলা করে লক্ষ্য অর্জন সহজ হবে।

মূল প্রবন্ধে দীপক নায়ার বলেন, কর্মসংস্থান হচ্ছে

নবম দক্ষিণ এশীয় অর্থনৈতিক সামিটের কর্ম-অধিবেশনে অভিমত

টেকসই উন্নয়নের মূল চাবিকাঠি। কর্মসংস্থানের মাধ্যমে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করা সম্ভব। গত কয়েক দশকে প্রবৃদ্ধি হলেও তাতে গুণগত কর্মসংস্থান সৃষ্টি হয়নি। ফলে উদ্বৃত্ত শ্রমশক্তি অনানুষ্ঠানিক

খাতে কর্মে নিয়োজিত হচ্ছে। দক্ষিণ এশিয়ার শিল্পায়নের যে অগ্রগতি, তা হতাশাজনক। তবে প্রবৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টিতে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশকে ব্যতিক্রম হিসেবে উল্লেখ করেন ভারতীয় এ গবেষক।

সম্মানিত অতিথির বক্তব্যে আ হ ম মুস্তফা কামাল বলেন, '২০৩০ সালে বিশ্ব অর্থনৈতিক মানচিত্রে চীন হবে বৃহৎ অর্থনীতির দেশ। সেই হিসাবে ২০৩০ সালের মধ্যে দক্ষিণ এশিয়া হবে অর্থনৈতিক দিক থেকে পৃথিবীর বৃহৎ শক্তিশালী অঞ্চল। এ সময়ের মধ্যে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নেও সুনির্দিষ্ট কিছু লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ২০৩০ সালের মধ্যে বাংলাদেশকে জ্ঞাননির্ভর অর্থনীতির দেশে পরিণত করার লক্ষ্যে এগিয়ে যাচ্ছি। এর ফলে কর্মসংস্থান যেমন বাড়বে, তেমনি কমেবে দারিদ্র্য। ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ হবে সম্পূর্ণ ক্ষুধামুক্ত দেশ।'

পাঞ্জাব অ্যাসেম্বলির সদস্য নাজমা আফজাল খান বলেন, সুশাসনের অভাবে দক্ষিণ এশিয়ার দেশগুলোকে সামাজিক খাতের বিভিন্ন সংস্কার কার্যক্রমে চ্যালেঞ্জের মুখোমুখি হতে হচ্ছে। পারস্পরিক সহযোগিতার অভাবও এই অঞ্চলের দেশগুলোর সামনে বড় চ্যালেঞ্জ।

সুলতান হাফিজ রহমান বলেন, প্রবৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থান নিশ্চিত করতে হলে উচ্চ উৎপাদনশীল খাতের উন্নয়নে নজর দিতে হবে। তা ছাড়া এই অঞ্চলের দারিদ্রের সমস্যা দূর করতে হলে এ খাতের ব্যয়ের পরিমাণও বাড়ানো দরকার বলে মনে করেন তিনি। এ সময় তিনি প্রাতিষ্ঠানিক দক্ষতা বাড়ানোর ওপরও বিশেষ গুরুত্ব দেওয়ার পরামর্শ দেন।

সমশের মুবিন চৌধুরী বলেন, দক্ষিণ এশিয়ার সামগ্রিক ও টেকসই উন্নয়নে সবার আগে দরকার এ পারস্পরিক সহযোগিতার উদার মনোভাব।

বৈষম্য সন্ত্রাস উসকে দেয়

নিজস্ব প্রতিবেদক ●

একটি দেশের মানুষের আয় ও সুযোগের বৈষম্য সন্ত্রাসকে উসকে দেয়। এ অঞ্চলের সন্ত্রাসপ্রবণ এলাকাগুলোতে বেকারত্বের হার অনেক বেশি, যা তরুণদের সন্ত্রাসবাদে যোগ দিতে উৎসাহিত করছে। এ জন্য বৈষম্য কমাতে নজর দিতে হবে। শিক্ষা খাতে বিনিয়োগ বাড়ালে বৈষম্য দ্রুত হারের কমে।

নবম দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনের ‘দক্ষিণ এশিয়ায় বৈষম্য হ্রাসকরণ’ শীর্ষক এক অধিবেশনে অর্থনীতিবিদ ও গবেষকেরা এসব কথা বলেন। রাজধানীর হোটেল লা মেরিডিয়ানে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত দুই দিনের এ সম্মেলন গতকাল রোববার শেষ হয়েছে।

বৈষম্য দূর করা নিয়ে অধিবেশনে সভাপতি ছিলেন সাবেক অর্থমন্ত্রী ও সিপিডির ট্রাস্টি বোর্ডের সদস্য এম সাইদুজ্জামান। এতে বক্তারা দক্ষিণ এশিয়ার দেশগুলোর অভিজ্ঞতা, বৈষম্য দূর করার উপায়, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের (বিআইডিএস) মহাপরিচালক কে এ এস মুরশিদ বলেন, দক্ষিণ এশিয়ার বৈষম্যের চিত্র এখনো ততটা বেশি নয়। এটা আরও কিছুটা বৃদ্ধি পেয়ে তারপর কমতে শুরু করবে। তিনি বলেন, ‘তাহলে আমরা কী করতে পারি? আমরা সুযোগ সমতা আনতে কাজ করতে পারি। আমরা শিক্ষা, সামাজিক রূপান্তর, প্রগতিশীল করনীতি—এসব দিকে নজর দিতে পারি।’



দক্ষিণ এশিয়া
অর্থনৈতিক
সম্মেলন

বিশ্বব্যাপকের আয়বৈষম্য পরিমাপের সূচক (গিনি ইনডেক্স) অনুযায়ী, এ অঞ্চলে কম বৈষম্যের দিক দিয়ে বাংলাদেশের অবস্থান আফগানিস্তান ও পাকিস্তানের পরে। ভারত ও অন্য দেশগুলো বাংলাদেশের পেছনে।

দিল্লি ইউনিভার্সিটির অধ্যাপক সিমরিত কৌর বলেন, অর্থনৈতিক উন্নতির প্রথম দিকে প্রবৃদ্ধি বাড়লে বৈষম্য বৃদ্ধি পায়। কিন্তু পরবর্তী সময়ে বৈষম্য কমাতে না পারলে প্রবৃদ্ধি বাড়ানো যায় না।

বৈষম্যের সঙ্গে সন্ত্রাসের সম্পর্ক নিয়ে বলতে গিয়ে নিজ দেশের অভিজ্ঞতা তুলে ধরেন পাকিস্তানের সাসটেইনেবল ডেভেলপমেন্ট পলিসি ইনস্টিটিউটের (এসডিপিআই) পরিচালনা পর্ষদের সদস্য এম এ জব্বার। তিনি বলেন, তাঁর দেশের অনেক সমাজবিজ্ঞানী মনে করেন যে পাকিস্তানের বৈষম্য সন্ত্রাসবাদ উসকে দিচ্ছে। পাকিস্তানের সন্ত্রাসবাদপ্রবণ সীমান্ত এলাকাগুলোতে বেকারত্বের হার অনেক বেশি।

অনুষ্ঠানে ইনস্টিটিউট অব পলিসি স্টাডিজ অব শ্রীলঙ্কার (আইপিএস) গবেষণা ফেলো গদা তিলকরাল্লৈ বলেন, শ্রীলঙ্কা শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎসহ বিভিন্ন ক্ষেত্রে বৈষম্য দূর করতে পেরেছে। তবে এসব সেবার ক্ষেত্রে শহর ও গ্রামে মানগত পার্থক্য রয়েছে।

তাঁর বক্তব্যের সূত্র ধরে এম সাইদুজ্জামান বলেন, তিনি অর্থমন্ত্রী থাকার সময় রাষ্ট্রপতিকে (সামরিক শাসক হুসেইন মুহম্মদ এরশাদ) নানাভাবে বুঝিয়ে শিক্ষার বাজেট বরাদ্দ প্রতিরক্ষার চেয়ে বেশি রাখা হয়েছিল। এখন নানা কায়দা করে শিক্ষার বরাদ্দ প্রতিরক্ষার চেয়ে বাড়তি দেখানো হচ্ছে।

এ অধিবেশনে আফগানিস্তানের সিদ্ধ রোড ইনোভেশন গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা আবদুল ওয়াসে হাকিকি বক্তব্য দেন।

এর আগে দক্ষিণ এশিয়ার উন্নয়ন অর্থায়ন নিয়ে একটি অধিবেশন হয়। এতে আলোচনার সারমর্ম তুলে ধরে এ অধিবেশনের সভাপতি সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা এ বি মির্জা আজিজুল ইসলাম বলেন, উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বাড়তি সম্পদ জোগাড় করতে হবে। অবশ্য এ ক্ষেত্রে অনেক চ্যালেঞ্জ আছে। তিনি বলেন, আলোচনায় উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবসায়িক পরিবেশ উন্নত করার তাগিদ এসেছে। এ ক্ষেত্রে সুশাসন ও অবকাঠামো উন্নয়ন দরকার।

বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর সালেহউদ্দিন আহমেদ বলেন, একটি দেশ কতটুকু এগিয়ে যাবে, তা নির্ভর করে দেশটি কতটা সম্পদ জড়ো করতে পারল, তার ওপর।

এ অধিবেশনে ভারতের আবুল কামাল আজাদ ইনস্টিটিউট অব এশিয়ান স্টাডিজের পরিচালক শ্রীরাধা দত্ত, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, অর্থনীতিবিদ সেলিম রায়হান, ভারতের গবেষণা সংস্থা আরআইএসের গবেষণা সহকারী প্রিয়দর্শী দাস, পাকিস্তানের এসডিপিআইয়ের জ্যেষ্ঠ গবেষণা সহকারী সাদিয়া রাজ্জাক বক্তব্য দেন।



ঢাকার লা মেরিডিয়ান হোটেলে গতকাল দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনের একটি অধিবেশনে বক্তব্য দেন আয়োজক সংস্থা সিপিডির চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহান ● ছবি : প্রথম আলো

একটি ভয়ংকর সময় পার করছি : রেহমান সোবহান

নিজস্ব প্রতিবেদক ●

বিশিষ্ট অর্থনীতিবিদ রেহমান সোবহান বলেছেন, 'আমরা একটি ভয়ংকর সময় পার করছি। যদি সমাজে বিরাজমান অন্যায়তা সংশোধন করতে না পারি, তবে আরও ভয়ংকর পরিস্থিতির মধ্যে পড়ব। এ অন্যায়তা সমাজকে বিভক্ত করে ফেলেছে।'

গতকাল রোববার দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনের দ্বিতীয় দিনে সামাজিক অন্যায়তা বিষয়ে অধিবেশনে মূল প্রবন্ধে তিনি এসব কথা বলেন। তিনি এ অঞ্চলে শান্তিপূর্ণ সমাজ গঠনের জন্য সামাজিক, অর্থনৈতিক ও গণতান্ত্রিক অন্যায়তা দূর করার তাগিদ দেন।

রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে দুই দিনব্যাপী এ সম্মেলন গতকাল বিকালে শেষ হয়েছে। বাংলাদেশের গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এ সম্মেলনের আয়োজন করেছে। সমাপনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী।

বাংলাদেশের অর্থনৈতিক অন্যায়তার উদাহরণ টেনে রেহমান সোবহান বলেন, তৈরি পোশাক রপ্তানি খাতে প্রায় ৪০ লাখ তরুণী মাসে ৫০ ডলার মজুরির বিনিময়ে কাজ করেন। এ স্বল্প মজুরিই ওই কারখানামালিককে বিশ্ব রপ্তানিবাজারে প্রতিযোগীসম্মত করে তুলেছে। আবার কিছু লোককে (উদ্যোক্তা) পশ্চিমা বিশ্বের জীবনধারার আকাঙ্ক্ষায় উদ্ধত করে। কিন্তু বিপুলসংখ্যক কর্মীকে কম মজুরি দিয়ে উন্নয়ন টেকসই হবে না।

সামাজিক অন্যায়তা সম্পর্কে রেহমান সোবহানের মত হলো, এ অঞ্চলে স্বাস্থ্য, শিক্ষাখাতে বৈষম্য রয়েছে। যাদের টাকা আছে, তারা মানসম্পন্ন শিক্ষা ও স্বাস্থ্যসেবা পান। যাদের টাকা নেই, তারা উন্নত মানের সেবা থেকে বঞ্চিত হন। দক্ষিণ এশিয়ায় চারটি কাঠামোগত সমস্যার কারণে সামাজিক অন্যায়তা সৃষ্টি হয় বলে মনে করেন তিনি। এগুলো হলো উৎপাদনমুখী সম্পদের বন্টনে অন্যায়তা, বাজারে

দক্ষিণ এশিয়া
অর্থনৈতিক
সম্মেলন



অংশগ্রহণের অসমতা, বৈষম্যমূলক মানব উন্নয়ন এবং অন্যায় শাসনব্যবস্থা (আনজাস্ট গভর্নেন্স)।

রেহমান সোবহানের মূল প্রবন্ধের ওপর নির্ধারিত আলোচকেরা বক্তব্য দেন। এ অধিবেশনে সভাপতিত্ব করেন ভারতের রিসার্চ অ্যান্ড ইনফরমেশন সিস্টেম ফর ডেভেলপিং কন্ট্রিজের মহাপরিচালক শচীন চতুর্বেদী।

জাতিসংঘের হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট অফিসের পরিচালক সেলিম জাহান বলেন, সব মানুষের যদি সম-অধিকার থাকে,

তবে একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ গড়ে তোলা সম্ভব। তিনি মনে করেন, বর্তমান প্রেক্ষাপটে সারা বিশ্বের মানুষের অভিন্ন ভাষা হয়ে গেছে সহিংসতা। দক্ষিণ এশিয়াও এর ব্যতিক্রম নয়। মূলত সামাজিক বৈষম্য থেকে সৃষ্টি হওয়া আত্মপরিচয়ের জন্যই সহিংসতার জন্ম হচ্ছে।

যুক্তরাজ্যের উলস্টার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এস আর ওসমানী জানান, গবেষণা দেখা গেছে, উন্নয়ন বিরাজমান এমন ৯০টি দেশের মধ্যে ১১টি দেশে ধনী-গরিবের বৈষম্য আরও প্রকট হয়েছে। এসব দেশের মধ্যে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার তিনটি দেশ আছে।

জার্মানির ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড সিকিউরিটি অ্যাফেয়ার্সের গবেষক ক্রিস্টিয়ান ওয়েগার মনে করেন, নিরাপত্তা ও আইনকানূনের কারণে দক্ষিণ এশিয়ার মানবাধিকারকে বাধাগ্রস্ত করে, যা জবাবদিহি ও শৃঙ্খলার ওপর প্রভাব ফেলে।

এর আগে দুটি অধিবেশনে জ্ঞানানিসংকট ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় আঞ্চলিক সহযোগিতা বাড়ানোর তাগিদ দেন বিশেষজ্ঞরা। তারা বলেছেন, দক্ষিণ এশিয়ায় বৃহত্তর জনগণের কল্যাণের কথা চিন্তা করে রাষ্ট্রগুলোর উচিত পানি ও সীমান্ত সমস্যা দূর করে বিশ্বাসের সম্পর্ক স্থাপন করা। এতে বিদ্যুতের আঞ্চলিক গ্রিড স্থাপন থেকে শুরু করে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় দক্ষিণ এশিয়ার জন্য একক কোনো বড় প্রকল্পও নেওয়া সম্ভব হবে।

দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনে বক্তারা

এসডিজি বাস্তবায়নে রাজনৈতিক নেতাদের প্রস্তুতি নেই

■ সমকাল প্রতিবেদক

টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) বা ২০৩০ সালের এজেন্ডা বাস্তবায়নে দক্ষিণ এশিয়ার রাজনৈতিক নেতাদের প্রস্তুতি নেই বলে মনে করছেন এ অঞ্চলের রাজনীতিবিদ, উন্নয়ন বিশেষজ্ঞ ও সুশীল সমাজের প্রতিনিধিরা। তারা বলছেন, এ অঞ্চলের প্রত্যেকটি দেশই আর্থ-সামাজিকভাবে এগিয়ে যাচ্ছে, কিন্তু দ্বি-পক্ষীয় সমস্যা ও সন্ত্রাসবাদের কারণে সম্মিলিত উদ্যোগগুলো ভেঙে যাচ্ছে। যেমন সার্ক এখন আর কোনো ফলপ্রসূ উদ্যোগের নাম নয়। একই কারণে অন্য আঞ্চলিক উদ্যোগগুলোও লক্ষ্য অর্জন করতে পারছে না। যদিও এসডিজি অর্জনের প্রয়োজনীয় সামর্থ্য বিশেষ করে জনবল ও সম্পদ এ অঞ্চলের রয়েছে। এজন্য আঞ্চলিক উন্নয়নের জন্য দক্ষিণ এশিয়ার দেশগুলোর মনোভাবের পরিবর্তন দরকার।

গতকাল শনিবার নবম দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনের প্রথম অধিবেশনে প্যানেল আলোচকরা এমন মত ব্যক্ত করেন। অধিবেশনের আলোচনার বিষয় ছিল '২০৩০ সালের লক্ষ্য বাস্তবায়নে দক্ষিণ এশিয়ার রাজনৈতিক নেতৃত্ব কি প্রস্তুত?'। ২০৩০ সালের লক্ষ্য হচ্ছে টেকসই উন্নয়ন। যাকে জাতিসংঘ 'টেকসই উন্নয়নের জন্য বৈশ্বিক লক্ষ্যমাত্রা' হিসেবে প্রচার করছে। জাতিসংঘ ইতিমধ্যে লক্ষ্যমাত্রাগুলো

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

এসডিজি বাস্তবায়নে রাজনৈতিক

[শেষ পৃষ্ঠার পর]

নির্ধারণ করেছে। দারিদ্র্য দূর, ক্ষুধা মুক্তি, স্বাস্থ্য, মানসম্মত শিক্ষাসহ ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি লক্ষ্য রয়েছে এসডিজিতে। এসব লক্ষ্য অর্জনের মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।

ঢাকার লা মেরিডিয়েন হোটেলে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) দু'দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করে। দুপুরে দ্বিতীয় অধিবেশনে সম্মেলনের উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলন হচ্ছে আঞ্চলিক উন্নয়নে সংশ্লিষ্ট দেশগুলোর যৌথ করণীয় নির্ধারণে আলোচনা ও বিতর্কের একটি প্ল্যাটফর্ম। ২০০৮ সাল থেকে এই সম্মেলন হয়ে আসছে। প্রথমবার শ্রীলংকায় আয়োজন করা হয়েছিল। সর্বশেষ গত বছর ইসলামাবাদে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ, ভারত, শ্রীলংকা, পাকিস্তান ও নেপালের পাঁচটি গবেষণা প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে প্রতি বছর এই সম্মেলন অনুষ্ঠিত হয়ে আসছে। দক্ষিণ এশিয়ার নীতিনির্ধারক, বিশেষজ্ঞ ও গবেষকদের একত্রকরণেরও চেষ্টা হয় এই সম্মেলনে।

অনুষ্ঠানের প্রধান আলোচক ছিলেন ইন্টার পার্লামেন্টারি ইউনিয়নের সভাপতি সাবের হোসেন চৌধুরী। তিনি বলেন, এসডিজির লক্ষ্যগুলো অত্যন্ত উচ্চাভিলাষী। এজন্য অনেক বিনিয়োগ ও কাজ করতে হবে। বাংলাদেশসহ কয়েকটি দেশ সে অনুযায়ী কাজও করছে। কিন্তু যৌথ উদ্যোগও দরকার আছে। বিশেষ করে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় যৌথ উদ্যোগ জরুরি। এ ছাড়া ব্যবসা-বাণিজ্য ও শিক্ষার ক্ষেত্রে আঞ্চলিক যোগাযোগ দরকার। কিন্তু সেগুলোর জন্য উদ্যোগ যথেষ্ট নয়। সংসদ সদস্য বলেন, এজন্য সবাইকে আশাবাদী হতে হবে। সহযোগিতা ও প্রতিযোগিতা দুটিই বাড়তে হবে। কিন্তু সেগুলো সবই হতে হবে শান্তিপূর্ণভাবে। এজন্য সংশ্লিষ্ট দেশগুলোর নীতিতে সংস্কার ও মনোভাবের পরিবর্তন দরকার।

শ্রীলংকা সরকারের মন্ত্রী শরৎ আমুনু গামা বলেন, শ্রীলংকা শিক্ষা, স্বাস্থ্য ও সমাজকল্যাণে বিনিয়োগ করছে। গণতন্ত্র, সুশাসন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির উন্নতি হচ্ছে। কিন্তু এসব ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার অন্য দেশগুলো থেকে বিশেষ সহযোগিতা পাওয়া যাচ্ছে না। তা জোরের সঙ্গে বলা যাবে না। দ্বিপক্ষীয় সম্পর্কের চেয়ে আঞ্চলিক সম্পর্কে বেশি গুরুত্ব দেওয়া দরকার। তাতে সবাই সমভাবে উপকৃত হবে।

ভূটানের সংসদ সদস্য চইদা জামশো বলেন, দক্ষিণ এশিয়ার কোনো আঞ্চলিক উদ্যোগকেই সফল বলা যায় না। ২০৩০ সালের এজেন্ডা বাস্তবায়নে যে ধরনের আঞ্চলিক উদ্যোগ দরকার, তা বাস্তবায়নে রাজনৈতিক নেতারা এখনও প্রস্তুত নন।

পাকিস্তানের সংসদ সদস্য রানা মুহাম্মাদ আফজাল খান বলেন, সার্ক এখন আর কোনো আঞ্চলিক সহযোগিতার বিষয় নয়। এটি এখন রাজনৈতিক বিষয়। এভাবে আঞ্চলিক সহযোগিতা বাস্তবায়ন করা যাবে না। তিনি বলেন, শুধু দেশ নয়, মানুষকে ভালোবাসতে হবে। মানুষের উন্নয়নে চিন্তা করতে হবে।

বাংলাদেশের সাবেক বাণিজ্যমন্ত্রী বিএনপি নেতা আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, গণতন্ত্র, মানবাধিকার, আইনের শাসন, গণমাধ্যমের স্বাধীনতা এগুলো নিশ্চিত করা না গেলে আঞ্চলিক উদ্যোগ বাস্তবায়ন করা যাবে না। দক্ষিণ এশিয়ার অনেক দেশে এসবের ঘাটতি রয়েছে। ফলে রাজনৈতিক নেতৃত্ব উন্নয়নের চেয়ে ক্ষমতা নিয়ে বেশি ব্যস্ত।

আফগান সরকারের অর্থমন্ত্রীর উপদেষ্টা নাজির কাবির বলেন, সন্ত্রাসবাদের কারণে আঞ্চলিক সহযোগিতা তৈরি হচ্ছে না। নেপাল ইনস্টিটিউট অব আরবান অ্যান্ড রিজিওনাল স্টাডিজের চেয়ারম্যান জগদীশ চন্দ্র পোখারেল বলেন, আঞ্চলিক সহযোগিতার অভাবে এ অঞ্চলে অর্থনৈতিক প্রবৃদ্ধি হলেও তার সুফল ভুগমূল পর্যায়ে পৌঁছাচ্ছে না। রাজনৈতিক নেতৃত্ব সাফল্য দেখাতে প্রবৃদ্ধির দিকে ঝুঁকছে, তাতে সমতা নিশ্চিত করার উদ্যোগ কম।

ভারতের মিডিয়াস্কেপ প্রাইভেট লিমিটেডের প্রধান সম্পাদক শেখর গুপ্ত বলেন, বিশ্বের প্রায় ৪৫ শতাংশ মুসলমান দক্ষিণ এশিয়ায় বসবাস করে। অথচ এই অঞ্চলে আইএস নেই। এটা যেমন ভালো উদাহরণ, তেমনি অনুমোদনহীন অস্ত্রধারী রয়েছে। আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে যা বাধা।

আবুল কালাম এমপি, গণফোরাম সভাপতি ড. কামাল হোসেন, ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম প্রমুখ মুক্ত আলোচনায় অংশ নেন। সামগ্রিক উন্নয়নের জন্য সবাই দক্ষিণ এশিয়ার রাজনৈতিক অঙ্গনে বন্ধুত্ব সৃষ্টির পরামর্শ দেন। অনুষ্ঠানটির সঞ্চালনা করেন সিপিডির সম্মাননীয় ফেলো দেবপ্রিয় উট্টাচার্য।

কর্মসংস্থান সৃষ্টিতে দক্ষিণ এশিয়ায় এগিয়ে বাংলাদেশ : অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে কর্মসংস্থান এবং শিক্ষা ও স্বাস্থ্য খাত সমানতালে এগোচ্ছে না দক্ষিণ এশিয়ার দেশগুলো। এ প্রবণতার মধ্যে ব্যতিক্রম শুধু বাংলাদেশ। কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক কাঠামো সংস্কারে দক্ষিণ এশিয়ার সব দেশের তুলনায় এগিয়ে বাংলাদেশ। বাংলাদেশের এ অভিজ্ঞতা কাজে লাগাতে পারে এ অঞ্চলের অন্যান্য দেশ। '২০৩০ সালের মধ্যে দক্ষিণ এশিয়ার অর্থনীতির টেকসই রূপান্তর' শীর্ষক কর্ম-অধিবেশনে এসব কথা বলেছেন মূল প্রবন্ধকার ভারতের সাউথ এশিয়ান সেন্টার ফর পলিসি স্টাডিজের চেয়ারম্যান অধ্যাপক দীপক নায়ায়। ঢাকায় দক্ষিণ এশিয়ার অর্থনৈতিক সম্মেলনের প্রথম দিনের শেষ অধিবেশনে এসব কথা বলেন তিনি। অধিবেশনের প্রধান অতিথি পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, বাংলাদেশের এ অর্জনের পেছনে প্রধান কারণ হচ্ছে- শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎসহ সব সম্পদকে মূল অর্থনীতির সঙ্গে সংযোগ ঘটানো এবং সবার সমান সুযোগ তৈরি করা। ঋণ নির্ভরতা কমিয়ে নিজস্ব সম্পদ ব্যবহারের মাধ্যমে উন্নয়ন নীতিই হচ্ছে বাংলাদেশের উন্নয়নের বড় সৌন্দর্য।

শ্রীলংকার ইনস্টিটিউট অব পলিসি স্টাডিজের নির্বাহী পরিচালক ড. শামন কালিগামার সঞ্চালনায় এ অধিবেশনের আরও আলোচক ছিলেন- বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব সমশের মবিন চৌধুরী, পাকিস্তানের সংসদ সদস্য ড. নাজমা আফজাল খান, ব্র্যাক ইনস্টিটিউট অব গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্টের নির্বাহী পরিচালক সুলতান হাফিজ রহমান, নেপালের পরিকল্পনা কমিশনের সদস্য ড. সারনিম ওয়েগেল ও শ্রীলংকার আইপিএসের উপপরিচালক দুসনি উইরিকান।

দক্ষিণ এশিয়ার অব্যবহৃত সম্ভাবনা কাজে লাগানোর আহ্বান রাষ্ট্রপতির

নিজস্ব প্রতিবেদক ■

আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের জন্য দক্ষিণ এশিয়ার অব্যবহৃত সম্ভাবনাগুলো কাজে লাগানোর আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। রাষ্ট্রপতি বলেন, পূঁজি ও বাণিজ্যের বর্ধমান বৈশ্বিক প্রবাহের সুফল পেতে এ অঞ্চল বহির্মুখী হচ্ছে। তবে দক্ষিণ এশিয়ার ভেতরে আন্তঃআঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতা থেকে সুফল পেতে এখনও অনেক সম্ভাবনা কাজে লাগানোর বাকি আছে। আরও গতিশীল ও উদীয়মান দক্ষিণ এশিয়া গড়তে আরও সমন্বিত ও কার্যকর পদক্ষেপ নেওয়ার এখনই সময়। গতকাল রাজধানীর একটি হোটেলে দুই দিনব্যাপী নবম দক্ষিণ এশিয়া অর্থনৈতিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি এ কথা বলেন। সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এবারের সম্মেলনের মূল প্রতিপাদ্য '২০৩০ সালের দক্ষিণ এশিয়া পুনর্ভাবনা'। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) চেয়ারম্যান রেহমান সোবহান।

রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ আগামী কয়েক বছরের মধ্যে নিম্ন মধ্য-আয়ের দেশ থেকে উচ্চ মধ্য-আয়ের দেশে উন্নীত হওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, আঞ্চলিক প্রতিবেশীদের সঙ্গে বিভিন্ন খাতে নিবিড় সহযোগিতা সরকারের এই লক্ষ্য পূরণে ভূমিকা রাখবে। এ সময় জাতিসংঘ ঘোষিত সহস্রাব্দের লক্ষ্য পূরণে দক্ষিণ এশীয় দেশগুলোর একসঙ্গে কাজ করা দরকার বলেও মন্তব্য করেন রাষ্ট্রপতি। আবদুল হামিদ বলেন, আমরা এমন একটি দক্ষিণ এশিয়া চাই যেখানে কোনো দারিদ্র্য থাকবে না, যেখানে সম্মানজনক পেশা ও কাজের সুযোগ থাকবে, যেখানে থাকবে সম্পদের সুসম বন্টন এবং সরকার হবে অংশগ্রহণমূলক; যেখানে মানুষ প্রকৃতির সঙ্গে তাল মিলিয়ে বাস করবে। এমন একটি দক্ষিণ এশিয়া গড়তে আমাদের প্রয়োজনীয় জ্ঞান ও উপকরণ একত্র করতে হবে।

প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা গওহর রিজভী, সিপিডির নির্বাহী পরিচালক মুস্তাফিজুর রহমান,

সাউথ এশিয়া সেন্টার ফর পলিসি স্টাডিজের চেয়ার দীপক নাইয়ার, নেপালের বাণিজ্যমন্ত্রী রোমি গাউছান থাকালি, শ্রীলঙ্কার স্পেশাল অ্যাসাইনমেন্ট মিনিষ্টার সারাথ আমুনুগমা, পাকিস্তানের এমপি রানা মুহাম্মদ ও সিপিডির গবেষণা পরিচালক ফাহিমদা খাতুন অনুষ্ঠানে বক্তব্য দেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে ইজ পলিটিক্যাল লিডারশিপ ইন সাউথ এশিয়া রেডি ফর ইমগ্রিমেন্টেঁস্‌ দি ২০৩০ এজেন্ডা' শীর্ষক সেশনের সঞ্চালনা করেন সিপিডির সম্মানিত ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে কীভাবে আঞ্চলিক সহযোগিতা কাজে লাগানো যায়, দক্ষিণ এশিয়ার দেশগুলোর আঞ্চলিক সহযোগিতার কৌশল ও ক্ষেত্রগুলো সামনের দিনে এগিয়ে আনার সম্ভাব্য উপায় ও প্রতিবন্ধকতাগুলোর ওপর মূল বিষয়বস্তু উপস্থাপন করেন সিপিডির নির্বাহী পরিচালক ড. মোস্তাফিজুর রহমান।

সার্ক সম্মেলন স্থগিত হওয়া শুধু পাকিস্তানের জন্যই নয়, এটি পুরো দক্ষিণ এশিয়ার জন্য হতাশা বয়ে আনবে বলে জানান পাকিস্তানের অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় সচিব ও সংসদ সদস্য রানা মুহাম্মদ আফজাল খান। সংলাপ ছাড়া এ অঞ্চলের মানুষের অর্থনৈতিক মুক্তি, আঞ্চলিক ও দিপ্লোম্যাটিক সম্পর্ক উন্নয়ন করা সম্ভব নয়।

ভুটানের সংসদ সদস্য চিয়দা জামসো বলেন, আঞ্চলিক সহযোগিতা বাড়তে এবং কার্যকর উপায় খুঁজে বের করতে সার্ক একটি গুরুত্বপূর্ণ বাহন ও মাধ্যম হতে পারত। কিন্তু সেটি সঠিক পথে নেই। এ অঞ্চলের রাজনৈতিক নেতারা অর্থনৈতিক সামাজিক মুক্তি অর্জনের লক্ষ্যে গঠিত এজেন্ডা ২০৩০ বাস্তবায়নে মোটেও প্রস্তুত নয়। সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে রাজনৈতিক শত্রুতা, তীব্র প্রতিযোগিতা, নেতৃত্বদের মধ্যে আস্থা ও বিশ্বাসহীনতা এখন এ অঞ্চলের প্রধান বাধা বলে অভিহিত করেন তিনি।

টেকসই ও দ্রুত অর্থনৈতিক উন্নয়ন, গণতন্ত্রের দ্রুত সম্প্রসারণ এবং সুশাসন—এ তিনটি লক্ষ্য বাস্তবায়নে এ অঞ্চলের রাজনৈতিক নেতৃত্বদের গুরুত্বারোপ করতে হবে বলে জানান শ্রীলঙ্কার বিশেষ কার্যসম্পাদন (অ্যাসাইনমেন্ট) মন্ত্রী সারথ আমুনুগামা।